

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
ক্ষেতলাল, জয়পুরহাট
http://khetlal.joypurhat.gov.bd

নং- ০৫.৪৩.৩৮৬১.০০০.১০.০০১.২২- ৫৫৯

তারিখ: ১২ জ্যৈষ্ঠ, ১৪২৯ বঙ্গাব্দ
২৬ মে, ২০২২ খ্রিস্টাব্দ

“সন্ন্যাসতলী মেলা ইজারা দরপত্র বিজ্ঞপ্তি”


এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, জয়পুরহাট জেলার ক্ষেতলাল উপজেলার মামুদপুর ইউনিয়নীয় সন্ন্যাসতলী মেলা (সায়রাতভূক্ত) বাংলা ১৪২৯ সনের ২৭ জ্যৈষ্ঠ মোতাবেক ১০ জুন/২০২২ খ্রি. (জ্যৈষ্ঠ মাসের শেষ শুক্রবার ০১ দিন অনুষ্ঠিত হয়) ০১(এক) দিনের জন্য ইজারা প্রদানের নিমিত্ত নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে সীল মোহরকৃত খামে দরপত্র আহবান করা যাচ্ছে। দরপত্র সিডিউল নিম্নবর্ণিত তারিখ ও সময়ে জেলা প্রশাসকের কার্যালয়, জয়পুরহাট এবং নিম্ন স্বাক্ষরকারীর কার্যালয়, ক্ষেতলাল, জয়পুরহাট হতে নগদ ৫০০/- (পাঁচশত) টাকা (অফেরতযোগ্য) মূল্যে ক্রয় করা যাবে এবং উল্লিখিত কার্যালয়ে রক্ষিত দরপত্র বাঞ্ছিত দরপত্র গ্রহণ করা হবে।

দরপত্র বিক্রয়, দরপত্র দাখিল ও দরপত্র বাঞ্ছিত খোলার সময়সূচি:

দরপত্র সিডিউল বিক্রয়ের শেষ তারিখ ও সময়	দরপত্র সিডিউল দাখিলের তারিখ ও সময়	দরপত্র বাঞ্ছিত খোলার তারিখ ও সময়	সরকারী মূল্য	মন্তব্য
০৭/০৬/২০২২ খ্রি. বিকাল: ০৫.০০ ঘটিকা	০৮/০৬/২০২২ খ্রি. সকাল ০৯:০০ ঘটিকা হতে বেলা: ০১.০০ ঘটিকা	০৮/০৬/২০২২ খ্রি. বিকাল: ০৩.০০ ঘটিকা	১২৫০০/-	

শর্তাবলীঃ

- ১। দরপত্রদাতাকে দরপত্রের সাথে দরপত্রে উল্লিখিত দরের ২৫% (শতকরা পঁশিচ ভাগ) অর্থ জামানত হিসেবে যে কোন তফসিলী ব্যাংক হতে ব্যাংক ড্রাফট/পে-অর্ডার মাধ্যমে উপজেলা নির্বাহী অফিসার, ক্ষেতলাল এর অনুকূলে জমা দিতে হবে।
- ২। গৃহিত দরদাতাকে দরপত্রে উল্লিখিত সমুদয় অর্থ, প্রদত্ত মূল্যের ১০% আয়কর ও ১৫% ভ্যাট দরপত্র গ্রহণের দিনই জমা প্রদান করতে হবে। অন্যথায় জামানত বাজেয়াপ্ত করে ইজারা বাতিল করা হবে।
- ৩। মেলা চলাকালে নিজ দায়িত্বে স্বেচ্ছাসেবী দল নিয়োগ করে ইজারাদারকে আইনশৃঙ্খলা রক্ষার ব্যবস্থা গ্রহণ করতে হবে।
- ৪। মেলা শেষ হওয়ার পর জামানত বাবদ জমাকৃত ২৫% অর্থের বিডি/পে-অর্ডার ফেরত প্রদান করা হবে।
- ৫। মেলায় সার্কাস, যাত্রা, জুয়া, হাউজি, চরকী, লটারী, র্যাফেল ড্র বা লাকী কুপন, ভিসিআর/ভিসিডিপি/বিচিত্রা অনুষ্ঠানসহ জাতীয় সংস্কৃতির পরিপন্থী কোন অশ্লিল নাচ-গান প্রদর্শন করা যাবে না।
- ৬। মেলায় বা মেলা অনুষ্ঠানের আশে পাশের এলাকায় কোন প্রকার মাদক দ্রব্য ব্যবহার/ক্রয়-বিক্রয় করা যাবে না।
- ৭। ধর্মীয় অনুভূতিতে আঘাত হানতে পারে বা সাম্প্রদায়িক সম্প্রীতি বিনষ্ট হয় এমন কোন কাজ করা যাবে না।
- ৮। কোন কারণে আইন শৃঙ্খলার অবনতির সম্ভাবনা থাকলে উপজেলা নির্বাহী অফিসার, ক্ষেতলাল তাৎক্ষণিক মেলা বন্ধ করার ক্ষমতা সংরক্ষণ করেন।
- ৯। আযান ও নামাজের সময় মাইক/বাদ্যযন্ত্র বাজানো যাবে না।
- ১০। মেলায় কোন রাজনৈতিক কার্যকলাপের আয়োজন করা বা বক্তব্য দেয়া যাবে না।
- ১১। অনুমোদিত সময়ের পর কোন ক্রমেই মেলার কার্যক্রম চালানো যাবে না।
- ১২। স্থানীয় প্রশাসন যে কোন পরিস্থিতিতে কোন কারন দর্শনো ব্যতিরেকে মেলা বন্ধ করাসহ মেলা অনুষ্ঠানের অনুমতি বাতিল করতে পারবেন।
- ১৩। কর্তৃপক্ষ কোন কারণ দর্শনো ব্যতিরেকে যে কোন দরপত্র বাতিলের ক্ষমতা সংরক্ষণ করেন।


(ইশতিয়াক আহমেদ)
উপজেলা নির্বাহী অফিসার
ক্ষেতলাল, জয়পুরহাট
ফোন: (+৮৮)০২৫৮৮৮৭৭৫২৫
ইমেইল: unokhetlal@mopa.gov.bd


গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
ক্ষেতলাল, জয়পুরহাট
<http://khetlal.joypurhat.gov.bd>

নং- ০৫.৪৩.৩৮৬১.০০০.১০.০০১.২২- ০৫৯

তারিখ: ১২ জ্যৈষ্ঠ, ১৪২৯ বঙ্গাব্দ
২৬ মে, ২০২২ খ্রিস্টাব্দ

অনুলিপি সদয় জ্ঞাতার্থে:

- ০১। জেলা প্রশাসক, জয়পুরহাট।
- ০২। পুলিশ সুপার, জয়পুরহাট।
- ০৩। উপ-পরিচালক, স্থানীয় সরকার, জয়পুরহাট।
- ০৪। প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, জয়পুরহাট।
- ০৫। অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব) জয়পুরহাট।
- ০৬। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ক্ষেতলাল, জয়পুরহাট।
- ০৭। উপজেলা নির্বাহী অফিসার, কালাই/আক্কেলপুর/পাঁচবিবি, জয়পুরহাট সদর, জয়পুরহাট।
- ০৮। সহকারী কমিশনার (ভূমি), ক্ষেতলাল/কালাই/আক্কেলপুর/পাঁচবিবি, জয়পুরহাট সদর, জয়পুরহাট।
- ০৯। মেয়র, ক্ষেতলাল/জয়পুরহাট/পাঁচবিবি/আক্কেলপুর/কালাই, পৌরসভা।
- ১০। ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ক্ষেতলাল, জয়পুরহাট।
- ১১। অফিসার ইনচার্জ, ক্ষেতলাল থানা, জয়পুরহাট।
- ১২। চেয়ারম্যান, তুলশীগঞ্জা/বড়তারা/মামুদপুর/বড়াইল/আলমপুর ইউনিয়ন পরিষদ, ক্ষেতলাল, জয়পুরহাট।
- ১৩। ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা, তুলশীগঞ্জা/বড়তারা/মামুদপুর/বড়াইল/আলমপুর ইউনিয়ন ভূমি অফিস, ক্ষেতলাল, জয়পুরহাট। তাঁকে বিজ্ঞপ্তিটি তাঁর অধিক্ষেত্রাধীন হাট-বাজার সমূহে ঢোল সহরতের মাধ্যমে ব্যাপক প্রচার অন্তে-এ অফিসকে অবহিতকরণের জন্য অনুরোধ জানানো হলো।
- ১৩। ব্যবস্থাপক, সোনালী ব্যাংক/ রূপালী ব্যাংক/ কৃষি ব্যাংক, ক্ষেতলাল, জয়পুরহাট।
- ১৪। পোস্ট মাস্টার, ক্ষেতলাল, জয়পুরহাট।
- ১২। নোটিশ বোর্ড, উপজেলা নির্বাহী অফিস, ক্ষেতলাল, জয়পুরহাট।
- ১৩। অফিস নথি।


(ইশতিয়াক আহমেদ)
উপজেলা নির্বাহী অফিসার
ক্ষেতলাল, জয়পুরহাট